

২০২৪

চতুর্থ সেমিস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-9

(ছন্দ, অলংকার ও কাব্যতত্ত্ব)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) দলবৃত্ত ছন্দ আর কী কী নামে পরিচিত? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করো।

২+৮

অথবা,

(খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো—

৫+৫

(অ) মুক্তক ছন্দ

(আ) পর্ব ও পদের পার্থক্য

(ই) মিশ্রবৃত্ত ছন্দের শোষণ শক্তি।

২। (ক) অনুপ্রাস অলংকার কাকে বলে? এর বিভাগগুলির নাম উল্লেখ করে উদাহরণসহ যে-কোনো দুটি বিভাগ সম্পর্কে আলোচনা করো।

২+৮

অথবা,

(খ) রূপক অলংকার কাকে বলে? এর ক'টি বিভাগ ও কী কী? উদাহরণসহ বিভাগগুলি সম্পর্কে আলোচনা করো।

২+২+৬

৩। (ক) “বাক্যের শব্দ ও অর্থকে আটপৌরে না রেখে সাজসজ্জায় সাজিয়ে দিলেই বাক্য কাব্য হয়ে ওঠে।” — এই মত তুমি সমর্থন করো কিনা তা উদাহরণসহ ব্যাখ্যা করো।

১০

অথবা,

(খ) অ্যারিস্টটল অনুকরণ বলতে হুবহু নকল করাকে বোঝেননি, তিনি অনুকরণ বলতে বুঝেছিলেন সৃজনশীলতাকে। — এই বক্তব্যের আলোকে অ্যারিস্টটলের অনুকরণ তত্ত্বটি ব্যাখ্যা করো।

১০

৪। ছন্দোলিপি প্রণয়ন করো (মাত্রা, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক) —

- (ক) মৃত্যু যেদিন বলবে 'জাগো,
প্রভাত হল তোমার রাত
নিবিয়ে যাব আমার ঘরের
চন্দ্র সূর্য দুটো বাতি।'

৫

অথবা,

- (খ) তখনো ছিল অন্ধকার, তখনো ছিল বেলা
হৃদয়পুরে জটিলতার চলিতেছিল খেলা
ডুবিয়াছিল নদীর ধার আকাশে আধো লীন
সুষমাময়ী চন্দ্রমার নয়ান ক্ষমাহীন।

৫

৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো —

- (ক) বসুন্ধরা, দিবসের কর্ম অবসানে
দিনান্তের বেড়াটি ধরিয়া, আছে চাহি
দিগন্তের পানে।

৫

অথবা,

- (খ) জীবে দয়া তব পরম ধর্ম, জীবে দয়া তব কই?

৫

৬। (ক) “কাব্য তার বাচ্যার্থকে ছাড়িয়ে যায়,” — উদাহরণসহ বক্তব্যটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

৫

অথবা,

- (খ) অ্যারিস্টটল ‘অনুকরণের বিষয়’ বলতে কী বুঝিয়েছিলেন তা ব্যাখ্যা করো।

৫

৭। যে-কোনো একটি বিষয় সম্পর্কে আলোচনা করো।

৫×১

- (ক) অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্য
(খ) অপহুতি অলংকার
(গ) স্থায়ীভাব।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) মিশ্রবৃত্ত ছন্দে পদের শেষে অবস্থিত রুদ্ধদল কয় মাত্রার হয়?
(খ) পূর্ণযতির দ্বারা নির্দিষ্ট ছন্দোবিভাগকে কী বলে?
(গ) কলামাত্রার ব্যবহার বাংলা কোন কোন ছন্দে লক্ষ করা যায়?
(ঘ) ‘পুনশ্চ’ কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথ কোন ছন্দে রচনা করেছিলেন?

- (ঙ) কলাবৃত্ত ছন্দের অপর নাম কী?
- (চ) যমক শব্দালংকার নাকি অর্থালংকার?
- (ছ) যার সঙ্গে তুলনা করা হয় অলংকারের পরিভাষায় তাকে কী বলে?
- (জ) ‘ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান’ — কী অলংকার?
- (ঝ) বাংলা অলংকারে ব্যবহৃত হয় এমন দুটি তুলনাবাচক শব্দের উল্লেখ করো।
- (ঞ) ‘কী সুন্দর মালা আজি পরিয়াছ গলে/প্রচেষ্টা!’ — কী অলংকার?
- (ট) ‘কাব্যং গ্রাহ্যমলংকারাৎ’ — কোন আলংকারিক বলেছিলেন?
- (ঠ) ‘রতিভাব’ কাব্যে কোন রসে পরিণত হয়?
- (ড) ‘সাহিত্য দর্পণ’ গ্রন্থের রচয়িতা কে?
- (ঢ) ‘দ্য রিপাবলিক’ গ্রন্থটি কে রচনা করেছিলেন?
- (ণ) ‘অনুকরণ’ শব্দটিকে গ্রিক ভাষায় কী বলা হয়?
-